রূপসাগরে ডুব দিয়েছি অরূপ রতন আশা করি,
ঘাটে ঘাটে ঘুরব না আর ভাসিয়ে আমার জীর্ণ তরী ॥
সময় যেন হয় রে এবার    ঢেউ-খাওয়া সব চুকিয়ে দেবার,
সুধায় এবার তলিয়ে গিয়ে অমর হয়ে রব মরি ।
যে গান কানে যায় না শোনা সে গান সেথায় নিত্য বাজে
প্রাণের বীণা নিয়ে যাব সেই অতলের সভামাঝে ।
চিরদিনের সুরটি বেঁধে    শেষ গানে তার কান্না কেঁদে
নীরব যিনি তাঁহার পায়ে নীরব বীণা দিব ধরি ॥

---

Parjaay: Puja, Taal: Kawali, Raag: Khambaj
Visit www.geetabitan.com for notation and other detail